জিকার প্রতি CDC- এর প্রতিক্রিয়া
লার্ভিসাইডগুলো ছোট মশাকে ধ্বংস করে

ছোট মশা মারার জন্য আপনি যে ধরনের লার্ভিসাইড (লার্ভানাশক) ব্যবহার করতে পারেন তার মধ্যে একটি হলো ডাংক।

এছাড়াও আপনি তরল, ট্যাবলেট, প্যালেট, দানাদার, ও ব্রিকেট ধরনের লার্ভিসাইড ব্যবহার করতে পারেন।

www.cdc.gov

CS267364A জুলাই 20, 2016

লার্ভিসাইড হলো আপনার বাড়ির বাইরের মশা নিয়ন্ত্রণে সাহায্য করার জন্য একটি সামগ্রী।

কামড়ানোর মত উপযুক্ত বড় মশায় পরিণত হওয়ার আগে ছোট মশাকে মেরে ফেলার মাধ্যমে এগুলো কাজ করে। পণ্যের লেবেলে দেয়া নির্দেশনা অনুযায়ী ব্যবহার করলে, লার্ভিসাইডগুলো মানুষ, পোষাপ্রাণী, বা পরিবেশের ক্ষতি করে না। মশা যেখানে ডিম পাড়ে সেখানে লার্ভিসাইডগুলো ব্যবহার করুন। যেসব জায়গায় পানি জমে থাকে সেখানে মশা ডিম পাড়ে।

- বৃষ্টির পানির ব্যারেল
- পুলের যেসব ঢাকনায় পানি জমে থাকে
- ঝর্ণা
- সেপটিক ট্যাংক
- চালের নালা বা এর তলদেশের অংশ
- ক্লোরিন যোগ না করা সুইমিং পুল

জমে থাকা সেই সব পানি শোধনের জন্য লার্ভিসাইড ব্যবহার করুন যেগুলো ঢাকনা দিয়ে রাখা যাবে না, ফেলে দেয়া বা অপসারণ করা যাবে না এবং পানের জন্য ব্যবহার করা হবে না।

বাড়িতে মশা নিয়ন্ত্রণ সংক্রান্ত আরো তথ্যের জন্য, দেখুন:

www.cdc.gov/zika/prevention/controlling-mosquitoes-at-home.html